

কতগুলো পাতার কবিতা

অবশ্যে এক শীতবেলায় প্রথম ইচ্ছা পাতাটিকে লুকিয়ে
ফেললাম অন্যান্য সবুজ পাতার সারিতে, খুবই সংগোপনে
যাতে রহস্য গন্ধচারিদিকে ছড়াতে না পারে।

প্রথম সারির প্রথম পাতায় লিখলামঃ শহরে অবস্থিত
সবচেয়ে উঁচু শৃঙ্গে যদি আমায় তুলে দেওয়া হয়
তাহলে আমি তোমাদের ট্রাম চড়াতে পারি,
বিদ্যালয় খুলতে পারি, অন্ন বাঢ়াতে পারি, দ্বিতীয়
পাতায় লিখলামঃ আজ পয়লা এপ্রিল, অর্থাৎ সবাইকে
ঠকাব। তৃতীয় পাতা ভরে থাকল শারীরিক অসুস্থতা,
কিছুটা পর্ণমোচীর গল্ল, এমনও বাদর ও দিনে ... ইত্যাদি
এইভাবে যখন নিজের ব্যর্থতাগুলো একে একে
ঢাকতে শু করেছি - কেউ কেউ বলেছে কবি।

তারপর একদিন নেশার বোতল ভাঙার শব্দে যখন
সবকিছু জানাজানি হয়ে গেছে, স্ব - ইচ্ছায় পুরাণো
পাতার সারি খুলতে বসেছি। দেখেছি তারা কেউ
আগের মতো স্বচ্ছ নেই। সবাই বিবর্ণ, পাংশুটে।
এক সেই সবুজ পাতাটি ছাড়া, যে ক্যান্টিনের
গোপন কোনায় বলেছিল ‘ভালবাসি তোমাকেই’।

শুভম